

জনতা ব্যাংক লিমিটেড

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

১১০ মতিঝিল বা/এ, ঢাকা।

www.jb.com.bd

২২ আশ্বিন ১৪২৬

তারিখ : ০৭ অক্টোবর ২০১৯

এসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-পল্লী ঋণ (এইও-আরসি) পদে নিয়োগের লক্ষ্যে পুলিশ ভেরিফিকেশন রোল জমাকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটি (বিএসসি), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জনতা ব্যাংক লিমিটেড-এ এসিস্ট্যান্ট এক্সিকিউটিভ অফিসার-পল্লী ঋণ (বর্তমানে *আফিসার-আরসি*) পদে নিয়োগের লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা (তৃতীয় ধাপ) বাংলাদেশ ব্যাংক ও জনতা ব্যাংক লিমিটেড-এর ওয়েবসাইট-এ প্রকাশিত হয়েছে।

প্রাথমিকভাবে নির্বাচিত উপর্যুক্ত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন সম্পাদনের জন্য জনতা ব্যাংক লিমিটেড-এর ওয়েবসাইট-এ [পুলিশ ভেরিফিকেশন রোল \(পিভিআর\)](#) আপলোড করা হয়েছে। তালিকাভুক্ত প্রার্থীগণকে উক্ত পিভিআর ফরম ডাউনলোড করে স্বহস্তে যথাযথভাবে পূরণ করে এর সাথে নিম্নোক্ত সত্যায়িত কাগজপত্রাদি সংযুক্ত করে "উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০" বরাবর আগামী ২৪ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার মারফত/সরাসরি জমা করার পরামর্শ দেয়া হচ্ছে।

- ১। রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্র।
- ২। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।
- ৩। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর ফটোকপি।
- ৪। পাসপোর্ট সাইজের সদ্য তোলা দুই কপি সত্যায়িত রঙিন ছবি।

নির্দিষ্ট সময়ের মধ্যে পুলিশ ভেরিফিকেশন ফরম জমা প্রদানে ব্যর্থ হলে নিয়োগের জন্য তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন।

স্বাক্ষরিত/-

মোস্তফা ছাইফুল হক

উপ-মহাব্যবস্থাপক